

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 30-11-2024

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Cabinet :

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দপ্তরে ২ হাজারেরও বেশি পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়। গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানান, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১,৫৬৬টি অস্নাতক ও স্নাতক শিক্ষকের পদ সৃষ্টির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে ১,০৯৯টি অস্নাতক শিক্ষক পদ এবং ৪৬৭টি স্নাতক শিক্ষক পদ। এই অস্নাতক ও স্নাতক শিক্ষকের পদগুলিতে নিয়োগ প্রক্রিয়া টিআরবিটি'র মাধ্যমে সম্পন্ন করা হবে। তাছাড়াও গতকাল মন্ত্রিসভার বৈঠকে রাজ্যের ১২৫টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের জন্য ১১২ জন স্পেশাল এডুকেটর নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফিল্ড-পে ভিত্তিতে তাদের নিয়োগ করা হবে। সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী আরও জানান, গ্রামোন্নয়ন দপ্তরে ১৯৮ জন জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর মধ্যে ডিগ্রীধারীদের জন্য ১০৫টি পদ ও ডিপ্লোমাপ্রাপ্তদের ৯৩টি পদ টিপিএসসি'র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। তাছাড়া কারা বিভাগে ওয়ার্ডার পদে ১৩৭ জন পুরুষ ও ১৪ জন মহিলাসহ মোট ১৫১ জনকে নিয়োগ করার অনুমোদন দেওয়া হয়েছে রাজ্য মন্ত্রিসভায়।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল উড়িষ্যার ভুবনেশ্বরে ৫৯তম পুলিশ মহানির্দেশক ও ইনসপেক্টর জেনারেলদের তিনদিনের সম্মেলনের উদ্বোধন করেন। এ উপলক্ষে, কেন্দ্রীয়

স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ গোয়েন্দা ব্যুরোর অফিসারদের মেধাবী পরিষেবার জন্য পুলিশ পদক প্রদান করেন এবং 'পুলিশ স্টেশন ২০২৪'-এর উপর স্বরাষ্ট্র মন্ত্রকের বই প্রকাশ করেন। শ্রী শাহ ভাষণে বলেছেন , ৩টি নতুন ফৌজদারি আইন দেশের ফৌজদারি বিচার ব্যবস্থার নীতিকে শাস্তি-ভিত্তিক থেকে বিচার-ভিত্তিক রূপান্তরিত করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী জিরো টলারেন্স কৌশল পরিকল্পনা এবং জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের জন্য জিরো টলারেন্স অ্যাকশনের দিকে উদ্যোগ নেওয়ার আহ্বান জানান। তিনি বলেন সম্মেলনের মধ্যে, দেশের পুলিশ নেতৃত্বের শীর্ষস্থানীয়রা উপকূলীয় নিরাপত্তা, মাদকদ্রব্য, সাইবার অপরাধ এবং অর্থনৈতিক নিরাপত্তা সহ বিদ্যমান এবং উদীয়মান জাতীয় নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবেলার জন্য একটি রোডম্যাপ তৈরি করবে। নতুন ফৌজদারি আইন বাস্তবায়নের অগ্রগতি এবং পুলিশিং ব্যবস্থায় উদ্যোগ এবং সর্বোত্তম অনুশীলনগুলিও পর্যালোচনা করা হবে।

Debate - Sushanta Chowdhury:

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত 'রাষ্ট্রহিতে সামাজিক মাধ্যমে নিয়ন্ত্রণ জরুরি' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি উদ্বোধনের ভাষণে বলেন, দেশের স্বার্থে সামাজিক মাধ্যমের অনেক বিষয়ে নিয়ন্ত্রণ জরুরী। তিনি আরো বলেন, সামাজিক মাধ্যমে ব্যক্তিগত স্বাধীনতার অতিরিক্ত ব্যবহার হচ্ছে। এখানে নিয়ন্ত্রণ দরকার। আগামীদিনে এদিকে নিশ্চয় দেশের সরকার চিন্তা করবে। শ্রী চৌধুরী বলেন, সামাজিক মাধ্যমে ভাল দিকও রয়েছে। সহজেই পৃথিবীর যে কোনো অঞ্চলে নিজের বার্তা পৌঁছে দেওয়া যায়। অনুষ্ঠানে ভাষণ রাখেন, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ , প্রাক্তন বিচারপতি মানবধিকার কমিশনের চেয়ারম্যান স্বপন চন্দ্র দাস প্রমুখ। অনুষ্ঠানের উদ্যোক্তা এডভোকেট দিলীপ সরকার মেমোরিয়াল ফাউন্ডেশন।

আদিবাসি কংগ্রেস:

বন অধিকার আইন ২০০৬ রাজ্যে চালু করার দাবি জানিয়েছে প্রদেশ আদিবাসী কংগ্রেস। গতকাল আগরতলায় প্রদেশ কংগ্রেস ভবনে সাংবাদিক সম্মেলনে আদিবাসী কংগ্রেসের ভাইস চেয়ারম্যান অতুল দেববর্মা, সাধারণ সম্পাদক জিলিম কুমার রিয়াং জানান, গত ২৬শে নভেম্বর দিল্লিতে কেন্দ্রীয় নেতাদের কাছে এই দাবি জানানো হয়েছে। সংবিধানের সংশোধনী বিল দ্রুত লোকসভায় পাশ করার দাবিও করা হয়। শ্রী দেববর্মা বলেন, বন অধিকার আইন চালু হলে রাজ্যের জনজাতিদের বড় একটি অংশ উপকৃত হবেন।

Mustaq Ali:

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপজুপের একটানা চতুর্থ খেলাতেও ত্রিপুরা হেরে গেছে। গতকাল ইন্দোরে অনুষ্ঠিত খেলায় বরোদা ৭ উইকেটে রাজ্যদলকে পরাজিত করে।

TSE:

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রশ্নপত্র বাংলার পাশাপাশি রোমান হরফে করার দাবি জানিয়েছে তুইপ্রা স্টুডেন্ট ফেডারেশন। এই দাবিতে ফেডারেশনের এক প্রতিনিধিদল গতকাল পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করে স্মারকলিপি প্রদান করেন।

Under 15 Cricket:

অনুর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেট গ্রুপের শেষ খেলাতেও ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল দেবাদুন অনুষ্ঠিত সীমিত ওভারের আসরের পঞ্চম খেলায় দিল্লী ১৩০ রানের বিশাল ব্যবধানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

WEATHER :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আজ ভোরের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি ছিল। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১.৫ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৯.৬ ডিগ্রীর কাছাকাছি থাকবে।
